কোটচাঁদপুরে আ.লীগের ১৭ বিদ্রোহী প্রার্থী বহিষ্কার

ঝিনাইদহের কোটচাঁদপুর ইউপি নির্বাচনে নৌকার বিরুদ্ধে বিদ্রোহী প্রার্থী হওয়ার অভিযোগে উপজেলা আ.লীগের ৪ নেতা সহ সহযোগি সংগঠনের ১৭ জন নেতাকে বহিস্কার করা হয়েছে।

বুধবার সন্ধায় উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি ও সাধারণ সম্পাদক শাহাজান আলী স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, তৃতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে উপজেলার ৫টি ইউনিয়নে নৌকার বিরুদ্ধে দলীয় শৃঙ্খলা ভঙ্গ করে বিদ্রোহী চেয়ারম্যান প্রার্থী হওয়ার অভিযোগে আ.লীগের গঠনতন্ত্রের ৪৭ (ঠ) ধারা অনুযায়ী ১৭ জন নেতাকে বহিষ্কৃার করা হলো।

বহিষ্কৃত নেতারা হলেন, উপজেলা আ.লীগের শিক্ষা বিষয়ক সম্পাদক বদরুজ্জোহা লাবু, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মজনুর রহমান, ক্রীড়া বিষয়ক সম্পাদক আজিজুর রহমান মানিক ও সদস্য নজরুল ইসলাম নজু সহ সহযোগি সংগঠনের সাবদারপুর ইউনিয়নে তাফসিরুজ্জামান (তপন), হিরন খান। দোড়া ইউনিয়নে আব্দুল জলিল বিশ্বাস, আশরাফুল আলম, শামীম আরা হ্যাপী, জাকির হোসেন মিঠু। কুশনা ইউনিয়নে আতিয়ার রহমান, আব্দুর রশিদ, রওশন মালিথা, গোলাম কিবরিয়া বিপ্লব, বলুহর ইউনিয়নে শাহাজান আলী, রফিউদ্দিন মল্লিক ও শফিকুর রহমান। বহিষ্কৃত আ.লীগের এই ১৭ জন নেতাই দলীয় মনোনয়ন চেয়েছিলেন।

মুজিবনগরের মহাজনপুর ইউনিয়নে

ভোট পুনঃগণনার দাবিতে মানববন্ধন

মুজিবনগরের মহাজনপুর ইউনিয়নের ১ ও ২ নং ওয়ার্ড যতারপুর গ্রামের ভোট পুনগণনার জন্য মানববন্ধন করেছে নৌকার প্রার্থী। মঙ্গলবার সকাল সাড়ে দশটায় মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।
মানববন্ধনে নেতৃত্বে দেন মহাজনপুর ইউনিয়নের নৌকা প্রতীকের প্রার্থী রেজাউর রহমান নান্নু।
মানববন্ধনের নৌকার প্রার্থী রেজাউর রহমান নান্নু বলেন, যতারপুর গ্রামে এক ও দুই নম্বর কেন্দ্রে স্বতন্ত্র প্রার্থী মো হোসেন মিলুর লোকজন ভয়-ভীতি প্রদর্শন সহ কেন্দ্র দখল করে নৌকা প্রতীকের এজেন্টের দায়িত্ব পালনে বাধা দান প্রদান করে।সেইসাথে ভোটগ্রহণ গণনা পরবর্তী দুই ঘন্টা পর ভোট গণনা পোলিং অফিসার ও অফিসার এর স্বাক্ষরিত কোন শিট প্রদান করা হয়নি। পরে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যে ফলাফল ঘোষণা করা হয়েছে। তাই আমি অবিলম্বে উক্ত দুটি কেন্দ্রে ভোট গণনা অনিয়মের সঠিক তদন্ত দাবি করছি।
এসময় মহাজনপুর এলাকার সাধারণ মানুষ উপস্থিত ছিলেন। মানববন্ধন পরবর্তীতে জেলা প্রশাসক, পুলিশ সুপার ও নির্বাচন অফিসার বরাবর ভোট পুনঃগননার দাবিতে স্মারকলিপি প্রদান করা হয়।

যুবলীগের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ

আওয়ামী যুবলীগের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশে শেখ ফজলুল হক মনির নেতৃত্বে ১৯৭২ সালের এই দিনে যাত্রা শুরু হয় যুবলীগের। বহু চড়াই উৎরাই পেরিয়ে সংগঠনটি আজ পা রেখেছে ৫০ বছরে।

ফজলুল হক মনি ছিলেন যুবলীগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান।

মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক, শোষণমুক্ত বাংলাদেশ প্রতিষ্ঠার সংগ্রামকে এগিয়ে নিতে দেশের যুব সমাজকে সম্পৃক্ত করার লক্ষ্য নিয়ে এই সংগঠনকে প্রতিষ্ঠা করা হয়। প্রতিষ্ঠালগ্ন থেকেই যুবলীগ সেই লক্ষ্যকে সামনে নিয়ে অগ্রসর হচ্ছে।

তবে গত কয়েক বছরে ক্যাসিনো কেলেঙ্কারি, চাঁদা ও টেন্ডারবাজি, কমিটি বাণিজ্য, অনুপ্রবেশসহ নানা কারণে ভাবমূর্তির সংকট দেখা দিয়েছিল।

সেখান থেকে কলঙ্ক ঘুচিয়ে শৃঙ্খলা ফেরানোর উদ্যোগ নেওয়া হয়। ২০১৯ সালে আসে নতুন নেতৃত্ব। গত প্রায় দুই বছরে নতুনদের নেতৃত্বে কলঙ্ক ঘুচিয়ে শুদ্ধ পথে যাত্রা করেছে এই সংগঠন।

নানা কর্মসূচির মধ্য দিয়ে যুবলীগের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন হচ্ছে। বৃহস্পতিবার ভোর ৬টায় সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল সাড়ে ৮টায় ধানমণ্ডি বঙ্গবন্ধু ভবনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ, সকাল সাড়ে ৯টায় বনানী কবরস্থানে যুবলীগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান শেখ ফজলুল হক মনিসহ ১৫ই আগস্ট নিহত সব শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

বেলা ১১টায় শিল্পকলা একাডেমিতে প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভার উদ্বোধন করবেন আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য ও যুবলীগের সাবেক সভাপতি আমির হোসেন আমু।

প্রতিষ্ঠাবাষিকীতে যুবলীগের অগনিত নেতাকর্মীদের শুভেচ্ছা জানিয়েছেন চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক মাঈনুল হোসেন খান নিখিল।

গাংনীর সাহারবাটির ধর্মচাকী

ভোট কেন্দ্রে বাঁধার অভিযোগ

গাংনীর সাহারবািটিইউনিয়নের ভোমরদহ সরকারী প্রাথমিক বিদ্যালেয় কেন্দ্রে ভোট দানে বাধা দানের অভিযোগ পাওয়া গেছে।

সকালে ভোট শুরু হওয়ার পরপরই নৌকা সমর্থিত প্রার্থীর লিখন হোসেন নামের এক কর্মি বিদ্রোহী প্রার্থীর ভোটারদের ভোট কেন্দ্রে বাধা প্রদান করেন। পরে স্থানীয় সাংবাদিক ও প্রশাসনের লোকজন যাওয়াতে পালিয়ে যায় লিখন হোসেন।

এ প্রসঙ্গে নৌকার প্রার্থী মশিউর রহমান জানান, তার লোকজন এটা করেনি। তিনি বলেছেন ভোট প্রতিটি কেন্দ্রে সুষ্ঠভাবেই শুরু হয়েছে।এখানে কোনো ঝামেলা নেই। তবে হিজলবাড়িয়া কেন্দ্রটি ঝুকিপূর্ণ বলেও মন্তব্য করেন তিনি।

মেহেরপুরের ৯ ইউনিয়নে ভোট গ্রহণ শুরু

মেহেরপুরের দুটি উপজেলায় মোট ৯টি ইউনিয়নে সকাল ৮ টা থেকে ভোট গ্রহন শুরু হয়েছে। দ্বিতীয় ধাপে ইউপি নির্বাচনে ভোট গ্রহণ শুরু হয় আজ বৃহস্পতিবার (১১নভেম্বর) সকল ৮ টায়। ভোট গ্রহণ চলবে বিকাল ৪ টা পর্যন্ত।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মুহাম্মদ আবু আনসার জানায়, মুজিবনগর উপজেলার ৪ টি ও গাংনী উপজেলায় ৫টি ইউনিয়নে সকাল ৮ টা থেকে শুরু হয়েছে। সে অনুযায়ি প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার এবং প্রয়োজনীয় সংখ্যক আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের নিয়োগ করা হয়েছে।

দুটি উপজেলায় চেয়াম্যান পদে প্রতিদ্বন্দীতা করছেন ৫১ জন, সাধারণ সদস্য (পুরুষ) পদে ৩শ ৩৩ জন, সংরক্ষিত সদস্য(নারী) পদে ৯৯জন।

মুজিবনগর উপজেলার মোট ৪০টি ভোট কেন্দ্রে বুথ করা েহয়েছে ২৪০ টি। চারটি ইউনিয়নে পুরুষ ৩৯ হাজার ৯১৩জন এবং মহিলা ভোটার রয়েছে ৪০ হাজার ৫৪২জন।

গাংনী উপজেলার ৫টি ইউনিয়নে কেন্দ্র ভোট কেন্দ্র হয়েছে ৪৭টি। মোট ৩৪৬ বুথের মধ্যে স্থায়ী -৩২৭, অস্থায়ী বুথ ১৯টি। ৫টি ইউনিয়নের মোট ভোটার সংখ্যা ১ লাখ ১৮ হাজার৭২৫জন। এদের মধ্যে পুরুষ ভোটার সংখ্যা ৫৮ হাজার ৮৯৫ এবং নারী ভোটার সংখ্যা ৫৯ হাজার ৮২৯জন। প্রতিকেদ্ ্ের পুলিশ চারজন, আনসান ১৭জন এবং প্রতি ইউনিয়নে একজন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট নিযোজিত রয়েছেন। স্থানীয় ভোটাররা জানান, তারা সুষ্ঠ্যভাবে তাদেও পছন্দেও প্রার্থীদেও ভোট প্রদান করতে পেরেছেন।

মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার অপু সারোয়ার বলেন, সুন্দও ও সুষ্ঠ্য পরিবেশে ভোট শুরু হয়েছে। কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ছাড়ায় ইউনিয়ন পরিষদ নির্বাচন হচ্ছে। ভোটারদেও নিরাপত্তায় আইনশৃংখলা বাহিনী মাঠে কাজ করছে।

তেতুলবাঁড়ীয়া ইউপির বিদ্রোহী প্রার্থী নাজমুল হুদা বহিষ্কার

মেহেরপুরের গাংনী উপজেলার তেতুলবাড়ীয়া ইউপিতে আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী হওয়ায় নাজমুল হুদাকে বহিস্কার করেছে দল।

পরপর দুই বার দলীয় বিরোধী হয়ে ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশ নিয়ে শৃঙ্খলা ভঙ্গ করার অপরাধে উপজেলা আওয়ামী লীগ থেকে নাজমুল হুদাকে বহিস্কার করা হয়েছে।

বহিস্কৃত নাজমুল হুদা গাংনী উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও জেলা আওয়ামী লীগের সদস্য।

গত ৮ নভেম্বর উপজেলা আওয়ামী লীগ সভাপতি সাহিদুজ্জামান এমপি ও সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা সাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য

জানা গেছে।

উল্লেখ্য, আগামীকাল বৃহস্পতিবার ১১ নভেম্বর ২য় ধাপে মেহেরেপুরের ৯টি ইউপিতে নির্বাচন অনুষ্ঠিত হবে। তার মধ্যে গাংনী উপজেলার তেতুলবাড়ীয় ইউপি রয়েছে। ওই ইউপি নির্বাচনে পরপর দুই বার দলের বিদ্রোহী তিনি নির্বাচনে অংশ নিচ্ছেন।

গাংনীতে দুই ভাই খুনের ঘটনায় আতিয়ার রহমানসহ ৬৬ জনকে আসামি করে মামলা

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের লক্ষিনারায়ণপুর ধলা গ্রামের জোড়া খুনের ঘটনায় সদস্য প্রার্থী ও উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক আতিয়ার রহমানকে কে প্রধান করে মামলা দায়ের করা হয়েছে। মামলায় ৬৬ জনকে আসামি করা হয়েছে।

নিহতের ভাই বেল্টু মিয়া বাদী হয়ে মঙ্গলবার দিবাগত রাতে দেড়টার দিকে মামলাটি দায়ের করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বজলুর রহমান এ তথ্য নিশ্চিত করে জানান, আসামীদের গ্রেফতারে জোর প্রচেষ্টা চলছে। গ্রেফতার এড়াতে প্রধান আসামী আতিয়ার রহমানসহ সবাই গা ঢাকা দিয়েছেন।

গত ৮ নভেম্বর রোববার সকালের দিকে কাথুলি ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের মেম্বর প্রার্থী আজমাইন হোসেন টুটুল পশ্চিমপাড়া এলাকায় ভোট চাইতে যান। ফিরে আসার সময় প্রতিপক্ষ মেম্বর প্রার্থী আতিয়ার রহমানসহ তার ভাই মহব্বত আলীর নেতৃত্বে আরও কয়েকজন তাকে ধরে নিয়ে মাঠের মধ্যে নিয়ে যাচ্ছিল। এসময় তারা আজমাইন হোসেন টুটুলকে কুপিয়ে মারাত্বক আহত করেন।

খবর পেয়ে টুটুলের মামাত ভাই সাহাদুল ইসলাম ও জাহারুল ইসলাম তাকে বাঁচাতে ছুটে যায়। সেখানেই জাহারুল ইসলাম ও সাহাদুল ইসলামকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করে। তাদের উদ্ধার করতে গেলে

আরো ১৫/২০ জনকে তারা ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করে।

আতিয়ার রহমানের নেতৃত্বে নিহতদের অপর ভাই এনামুল ইসলাম নইলুকে ২০১৭ সালের ১৭ জুলাই মাইলমারী গ্রামের রাস্তার উপর রামদা দিয়ে কুপিয়ে হত্যা করে। এছাড়া ২০০৯ সালে অপর ভাই সেন্টু হোসেনকে শালিস বৈঠক চলাকালে কুপিয়ে হত্যা করে। মেম্বর প্রার্থী হলে আজমাইন হোসেন টুটুলকে ও হত্যা করার আগাম হুমকী দিয়েছিলে আতিয়ার রহমান।

উল্লেখ্য, দ্বিতীয় ধাপে আগামীকাল বৃস্পতিবার গাংনী উপজেলার ৫ টি ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। কাথুলি ইউনিয়নের ৭ নং ওয়ার্ড লক্ষিনারায়নপুর ধলা গ্রামে বর্তমান সদস্য আজমাইন হোসেন টুটুল ও সাবেক সদস্য আতিয়ার রহমান প্রতিদ্বন্দ্বিতা করছেন। তফসিল ঘোষনার পর থেকেই গ্রামের মধ্যে তীব্র উত্তেজনা বিরাজ করছিল। আতিয়ার রহমান প্রতিপক্ষ টুটুলকে হত্যা করারও ঘোষণা দিয়ে আসছিলেন বলে অভিযোগ করেছেন টুটুলের পক্ষের লোকজন। সাহাদুল ও জাহারুল জোড়া খুনের ঘটনার মধ্যে দিয়ে সমাপ্ত হলো সে হুমকী।

গাংনীতে নৌকার গলার কাঁটা বিদ্রোহীরা

গাংনীতে আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিদ্রোহী (স্বতন্ত্র) প্রার্থীরা এখন আওয়ামী লীগ দলীয় প্রার্থীদের গলার কাঁটা হয়ে দাঁড়িয়েছে। উপজেলার ৯ টি ইউনিয়নের সবকয়টিতে রয়েছে একধিক বিদ্রোহী প্রার্থী। নৌকা প্রতীকের প্রার্থীদের হারাতে প্রতিপক্ষ হয়েছেন অর্ধশতাধিক স্বতন্ত্র প্রার্থী। জনপ্রিয় সমাজ সেবক এবং সক্রিয় রাজনৈতিক নেতৃত্বকে বাদ দিয়ে অযোগ্য ব্যক্তিদের দলীয় মনোনয়ন দেয়ায় সবকয়টি ইউনিয়নের তৃণমূল পর্যায়ের কর্মী সমর্থকদের মাঝে তীব্র ক্ষোভ ও অসন্তোষ দেখা দিয়েছে। এমতাবস্থায় ক্ষোভের বহিঃপ্রকাশ হিসাবে নির্বাচনী প্রচার প্রচারণায় স্বতন্ত্র প্রার্থীদের পক্ষে আওয়ামীলীগ ঘরানার কর্মী-সমর্থকবৃন্দ নির্বাচনী মাঠ গরম করে রেখেছে। নৌকাকে হারাতে বিদ্রোহী

উপজেলার শীর্ষ নেতারা নৌকার প্রার্থীদের পরাজিত করতে রহস্যমুলক ভুমিকা রেখে চলেছেন বলে একাধিক সূত্র থেকে জানা গেছে।
উপজেলার বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের তৃণমূলের নেতা কর্মী সমর্থকরা জানিয়েছেন, দলীয় মনোনয়ন অপাত্রে দেয়ার কারনে তারা জনগণের মনোনীত প্রার্থী হিসাবে বিদ্রোহী প্রার্থীর আদলে স্বতন্ত্র প্রার্থী সেজে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। আওয়ামীলীগ সমর্থিত নেতা কর্মীরা কেন নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী হিসাবে লড়তে যাচ্ছেন এমন প্রশ্নের জবাবে মটমুড়া ইউপির চেয়ারম্যান প্রার্থী সোহেল আহমেদ জানান, আমি বর্তমানে চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করছি। আমি সরকারের উন্নয়ন কার্যক্রমের একজন প্রতিনিধি হিসাবে আমার ইউনিয়নের স্কুল কলেজ, রাস্তা-ঘাটসহ নানা অবকাঠামো নির্মাণ, জনমানুষের আর্থ সামাজিক উন্নয়নে নানামুখী কর্মপরিকল্পনা গ্রহন,নাগরিক সেবা প্রদানসহ নানা উন্নয়ন করেছি। তাই জনগণের ভালবাসা ও জনপ্রিয়তা পেয়ে জনগণের মনোনীত প্রার্থী হিসাবে প্রতিদ্বন্দ্বি করছি।অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ ভোট হলে আমি ব্যাপক ভোটের ব্যবধানে জয়লাভ করবো।একই কথা জানিয়েছেন অন্যান্য ইউনিয়নের প্রার্থীরা।
নেতা কর্মী ও সমর্থকদের নিকট থেকে জানা গেছে, নেীকার মনোনয়ন অপাত্রে দেয়ায় গাংনী উপজেলায় দু একটি’ বাদে প্রায় সবকয়টি ◌্ইউনিয়নে নৌকার মাঝিদের ব্যাপক ভোটের ব্যবধানে ভরাডবি হবে । শেষ পর্যন্ত নেীকার প্রার্থীদের বিজয়ী করতে নির্বাচনী আচরণ বিধি ভঙ্গ করে এখন জেলা উপজেলার শীর্ষ নেতা, এমপি, আওয়ামীলীগের সভাপতি-সম্পাদকদের মাধ্যমে বর্ধিত সভা, কর্মী সভার নামে স্বতন্ত্র প্রার্থীদের নানাভাবে ভয়ভীতি প্রদর্শন ও গণজমায়েত করা হচ্ছে।
জয় পরাজয়ের মাধ্যমেই জনপ্রতিনিধি নির্বাচিত হবেন। ভোট যেন সুষ্ঠভাবে সম্পন্ন হয়। সকলে যেন ভোটাধিকার প্রয়োগ করতে পারেন সেই দাবি তাদের।

দুর্ভোগ বিবেচনায় ধর্মঘট

প্রত্যাহারের আহ্বান সেতুমন্ত্রীর

পরীক্ষার্থী এবং জনগণের দুর্ভোগের বিষয়টি বিবেচনায় নিয়ে পরিবহণ ধর্মঘট প্রত্যাহারের আহবান জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী এবং আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

তিনি শুক্রবার সকালে তার বাসভবনে ব্রিফিংয়ে পরিবহন মালিক শ্রমিকদের প্রতি এ আহবান জানান।

ডিজেল ও কেরোসিনের দাম বৃদ্ধির পরিপ্রেক্ষিতে পরিবহণ মালিক শ্রমিকদের ডাকা ধর্মঘট আজ থেকে শুরু হয়েছে। সকাল থেকে সড়কে কোনো বাস ও পণ্যবাহী ট্রাক দেখা যাচ্ছে না। এতে অচল হয়ে পড়েছে জনজীবন। দুর্ভোগে পড়েছেন সড়কে চলাচলকারীরা।
আগামী ৭ নভেম্বর (রোববার) বিআরটিএর ভাড়া পুনঃনির্ধারন কমিটির বৈঠক অনুষ্ঠিত হবে জানিয়ে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী আজ বলেন, সেখানে সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের সঙ্গে আলাপ আলোচনা করে বাস্তবভিত্তিক মূল্য সমন্বয়ের মাধ্যম জনগণের উপর বাড়তি চাপ সহনীয় পর্যায়ে রাখার চেষ্টা করা হবে।

বঙ্গবন্ধু সেতু ও মুক্তারপুর সেতুর টোলভাড়া বৃদ্ধি প্রসঙ্গে ওবায়দুল কাদের বলেন, ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ খরচ বৃদ্ধির কারণে অনুমোদিত যানবাহনের শ্রেণীবিন্যাস এবং টোলহার বৃদ্ধি করা হয়েছে।

মন্ত্রী বলেন, বঙ্গবন্ধু সেতুতে সর্বশেষ ২০১১ সালে টোলহার বাড়ানো হয়েছিল, দীর্ঘ ১০ বছর পর এই সেতুর টোলহার বাড়ানো হয়েছে। অন্যদিকে ২০০৮ সালে মুক্তারপুর সেতু চালু হবার পর এই প্রথম সেখানে টোলহার বাড়ানো হয়েছে।

সেতুমন্ত্রী বাস্তবভিত্তিক ও যৌক্তিক হারে টোলহার বৃদ্ধির বিষয়টি মেনে নেওয়ার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি অনুরোধ জানান।

মেহেরপুরে ৬টি ইউপি নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী ২৮

তৃতীয় দফায় মেহেরপুরের দুটি উপজেলার ৬টি ইউনিয়ন পরিষদ নির্বাচনে শেষ দিনে পর্যন্ত ২৮ জন চেয়ারম্যান প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছেন। এর মধ্যে গাংনী উপজেলার ৪টি ইউনিয়নে ২১ ও মেহেরপুর সদরে দুটি ইউনিয়নে ৭জন প্রার্থী রিটানিং অফিসারের কাছে মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

তফসিল অনুযায়ী মনোনয়নপত্র বাছাই ৪ নভেম্বর ও প্রত্যাহারের শেষ সময় ১১ নভেম্বর, ১২ নভেম্বর প্রতীক বরাদ্দ, ভোটগ্রহণ হবে ২৮ নভেম্বর।

জেলা নির্বাচন অফিস সূত্রে জানা গেছে, গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নে,আওয়ামীলীগ সমর্থিত মো: রেজাউল হক,সাবেক চেয়ারম্যান মো: আলম হোসেন,আব্দুল আলিম,আব্দুর রউফ,আব্দুর রশিদ,গোলাম সারোয়ার আজম ও আব্বাস আলী।

ষোলটাকা ইউনিয়েনে আওয়ামীলীগ সমর্থিত মো: দেলবার হোসেন,বর্তমান চেয়ারম্যান মনিরুজ্জামান মনি,আনোয়ার পাশা ও জাতীয় পার্টির জান মো: মিন্টু।

ধানখোলা ইউনিয়নে,আওয়ামীলীগ সমর্থিত সাবেক চেয়ারম্যান আব্দুর রাজ্জাক,বর্তমান চেয়ারম্যান আখেরুজ্জামান,আলী আজগর,রিপন হোসেন ও ইসলামী আন্দোলনের তহিরুল ইসলাম।

রায়পুর ইউনিয়নে আওয়ামীলীগ সমর্থিত বর্তমান চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দীন ও আব্দুর রব,হুমায়ন কবির,হাফিজুর রহমান।

মেহেরপুর সদর উপজেলার বুড়িপুতা ইউনিয়নে আওয়ামীলীগ সমর্থিত শাহ জামাল,আমিরুল ইসলাম ও রেজাউল হক। কুতুবপুর ইউনিয়নে আওয়ামীলীগ সমর্থিত সাবেক চেয়ারম্যান ইদ্রীস আলী,সাইফুল ইসলাম,সেলিম হোসেন,ইসলামী আন্দোলনের রোকুনুজ্জামান।

জেলা নির্বাচন কর্মকর্তা আবু আনসার জানিয়েছে,কাজিপুর ও ষোলাটাকা ইউপিতে গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো:

আলাউদ্দীন,ধানখোলা ও রায়পুর ইউপিতে জনস্বাস্থ্য’র সহকারী প্রকৌশলী মাহফুজুর রহমান ও মেহেরপুর সদর উপজেলা নির্বাচন কর্মকর্তা কবির উদ্দীনকে কুতুবপুর ও বুড়িপুতা ইউনিয়নে রিটানিং অফিসারের দায়িত্ব দেয়া হয়েছে।